



## জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/ প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪৩৪৭

তারিখ: ২৮/১০/২০১৮

### ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ২য় পর্যায়ে রেজিস্ট্রেশন আবেদন ও কলেজ কর্তৃক অনলাইনে আবেদন ফরম নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ২য় পর্যায়ের অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ২৯ অক্টোবর ২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৩ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজে ০৪ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এ প্রদর্শিত Admission Circular থেকে জানা যাবে। উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ২য় পর্যায়ে আবেদনের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ০৪/০৬/২০১৮ তারিখে জারিকৃত সূত্র নং- ১৬(৬৯৩)/ জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪২৫২ এ প্রকাশিত রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তির সকল শর্ত প্রযোজ্য হবে।

উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে পারবে না।

নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	অনলাইনে আবেদন করার তারিখ:	২৯/১০/২০১৮ থেকে ০৩/১১/২০১৮
২।	আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দেয়ার তারিখ:	৩০/১০/২০১৮ থেকে ০৪/১১/২০১৮
৩।	কলেজ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:	৩০/১০/২০১৮ থেকে ০৪/১১/২০১৮
৪।	কলেজ কর্তৃপক্ষকে প্রার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] ও রেজিস্ট্রেশন ফি [আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters Preli. Private) অপশনে ক্লিক করে দু'টি আলাদা Pay Slip ডাউনলোড করতে হবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) ভর্তির আবেদন (ভর্তি ফান্ড) ফি ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে 0218100003245 ও 021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৫/১১/২০১৮ থেকে ০৮/১১/২০১৮

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯

ই-মেইল: [pgdeanoffice@gmail.com](mailto:pgdeanoffice@gmail.com)

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/ প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৬-১৭/৪৩৪৭

তারিখ: ২৮/১০/২০১৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪